107

ভোরের কাগজ

তারিখ ... 15 OCT 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

সাজ্জাদ হোসেন সভাপতি, আজিম সাধারণ সম্পাদক

# ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি ঘোষণা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** সাজ্জাদ হোসেনকে সভাপতি এবং এ কে এম আজিমকে সাধারণ সম্পাদক করে ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন শেষে গতকাল বুধবার রাতে ৪১ সদস্যবিশিষ্ট এ কমিটি ঘোষণা করা হয়।

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বিদায়ী সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক তার ও গণপূর্তমন্ত্রী মোঃ নাসিম, আক্তারুজ্জামান এমপি, সুলতান মোঃ মনসুর আহমেদ এমপি, আওয়ামী লীগের প্রচার সম্পাদক আব্দুল মান্নান, মাহমুদুর রহমান মান্না, মাইনুদ্দিন হাসান চৌধুরী, এনামুল হক শামীম, ইসাহাক আলী খান পান্না, আব্দুল ওয়াদুদ খোকন।

সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমস্ত পৃথিবীর নির্যাতিত মানুষের নেতা। ৭১-এর পরাজিত খুনিরা ব্যক্তি বঙ্গবন্ধুকে হত্যা করেছে কিন্তু নেতা বঙ্গবন্ধুকে হত্যা করতে পারেনি। নেতৃবৃন্দ আরো বলেন, বঙ্গবন্ধুর হত্যাকারীদের বাঁচানোর জন্য পরাজিত শত্রুরা ষড়যন্ত্র শুরু করেছে। ছাত্রলীগ নেতাকর্মীদের এ ষড়যন্ত্র রুখতে হবে।

শিল্প ও ব্যাণিজ্যমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু স্বাধীনতার ডাক দিয়ে প্রমাণ করেছেন, তিনি ফাঁসির মঞ্চকে ভয় পাননি। তিনি আরো বলেন, আগামী ১০ বছরের মধ্যে বিশ্বের যে ১৬টি দেশ উন্নতি করবে বাংলাদেশ তার মধ্যে একটি। শিল্পমন্ত্রী ছাত্রলীগ কর্মীদের উদ্দেশে বলেন, ছাত্রলীগের ইতিহাস ঐতিহ্যের ইতিহাস। এ ইতিহাসকে আরো গৌরবোজ্জ্বল করা প্রতিটি ছাত্রলীগ নেতাকর্মীর দায়িত্ব।

ডাক ও তারমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, সারা দেশে অন্যায়ের প্রতিরোধ গড়ে তুলে ছাত্রলীগ নেতাকর্মীদের সংগঠনের ঐতিহ্যকে সমুন্নত রাখতে হবে।

সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এনামুল হক শামীম বেলুন উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করেন। এর আগে একটি র‍্যালি বিশ্ববিদ্যালয় চত্বর প্রদক্ষিণ করে। সম্মেলনে মোট ৩৮ জন সভাপতি প্রার্থী এবং ৫৩ জন সাধারণ সম্পাদক প্রার্থী হয়েছিলেন। নেতৃবৃন্দ গতকাল রাতে ৪১ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা করেন। কমিটির অন্যান্য সদস্য হলেন, সহসভাপতি বেগ শাহীন জাহান, মোস্তাফিজুর রহমান বিপ্লব ও শোহেলা পারভীন শোভা, যুগ্মসম্পাদক সুভাষ ঘোষ, আবু তোহা, সাংগঠনিক সম্পাদক দেলোয়ার হোসেন, সাংস্কৃতিক সম্পাদক আরিফা রহমান রুমা।

উল্লেখ্য, ৪ বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সম্মেলন অনুষ্ঠিত হলো।



*সম্মেলনের উদ্বোধনী পর্বে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন —ভোরের কাগজ*